

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ১২০৭।
www.cca.gov.bd

বিষয় : জুন, ২০১৯ ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব আবুল খায়ের মোঃ আক্বাস আলী, উপ-নিয়ন্ত্রক (আইসিটি)
স্থান : সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
তারিখ ও সময় : ১৮.০৬.২০১৯ খ্রি: সকাল ১১:০০ টা।


সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

এ সভায় সিসিএ কার্যালয়ে ইনোভেশন টিমের সদস্যগণ উপস্থিত ছিলেন। শুরুতেই সভাপতি মহোদয় ইনোভেশন কার্যক্রমকে আরো ত্বরান্বিত করার আহবান জানান। এছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	পূর্ববর্তী সভার আলোচনা	সভার আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১। ইনোভেশন কার্যক্রম	<p>(ক) (i) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ উদ্ভাবন কর্মপরিকল্পনায় ১.১.১ এ উল্লেখিত কার্যক্রম অনুযায়ী স্ব স্ব অফিসে উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এবং ইনোভেশন আইডিয়া প্রণয়ন বিষয়ে সভায় আলোচনা হয়।</p> <p>(ii) আগামী ২০.০৫.২০১৯ খ্রি: তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>(iii) আগামী ২০১৯-২০২০ অর্থবছরের নতুন আইডিয়া তালিকা প্রণয়নের লক্ষ্যে যে সকল আইডিয়া পাওয়া যায় তা হলো: ১. বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল এর অনলাইন কার্যক্রমে ডিজিটাল স্বাক্ষর সংযুক্তকরণ। ২. সিএ পারফরমেন্স ম্যানেজমেন্ট সিস্টেম। ৩. সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন সিস্টেম।</p> <p>(খ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে ই-সাক্ষর সফটওয়্যার টেস্টিং করার নির্দেশনামূলক পত্র ০৬.০৫.২০১৯ খ্রি: তারিখে পাওয়া যায়। উক্ত পত্র মাধ্যমে জানা যায় যে, ডাটা সেন্টারে সফটওয়্যার হোস্টিং এর পূর্বে সফটওয়্যারের কোয়ালিটি</p>	<p>(ক) (i) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ উদ্ভাবন কর্মপরিকল্পনায় ১.১.১ এ উল্লেখিত কার্যক্রম অনুযায়ী স্ব স্ব অফিসে উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এবং ইনোভেশন আইডিয়া প্রণয়ন করতে হবে। এ কার্যালয়ে সকল কর্মকর্তা কর্মচারীগণ হতে ইনোভেশন আইডিয়া সংগ্রহ করতে হবে।</p> <p>(ii) আগামী ২০.০৫.২০১৯ খ্রি: তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(iii) সভায় সকল সদস্যের সর্ব সম্মতিক্রমে “বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল এর অনলাইন কার্যক্রমে ডিজিটাল স্বাক্ষর সংযুক্তকরণ” আইডিয়াটি নির্বাচন করা হলো।</p> <p>(খ) সফটওয়্যারের কোয়ালিটি পরীক্ষাকরণ ও সার্টিফিকেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ

	<p>পরীক্ষাকরণ ও সার্টিফিকেশন সেন্টার হতে টেস্টিং রিপোর্ট প্রদান করতে হবে। সফটওয়্যারের কোয়ালিটি পরীক্ষাকরণ ও সার্টিফিকেশন আবশ্যিক।</p> <p>(গ) সিসিএ কার্যালয় হতে ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে বাস্তবায়নকৃত ছুটি ব্যবস্থাপনা সফটওয়্যারটি বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থায় রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সেপ্রেম্বরে উক্ত সফটওয়্যারের ডকুমেন্টেশন, ব্যবহারবিধি ও লিফলেট প্রস্তুত করা প্রয়োজন এবং বিভিন্ন ওয়ার্কশপের মাধ্যমে সফটওয়্যারটি প্রদর্শন করা যেতে পারে। গত ৩০.০৪.২০১৯ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে লিড ম্যানেজমেন্ট সফটওয়্যারটি আইসিটি বিভাগে রেপলিকেশন করার পত্র পাওয়া যায়। লিড ম্যানেজমেন্ট সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং এর জন্য বিসিসিতে পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি সফটওয়্যার টেস্টিং রিপোর্ট পাওয়া যায়নি। এমতাবস্থায় উক্ত সফটওয়্যারের রিপোর্ট পাওয়া মাত্র রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে আইসিটি বিভাগকে অবহিত করে পত্র দিতে হবে।</p> <p>(ঘ) ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে Training Calendar Software উন্নয়ন সম্পন্ন হয়েছে। সময়ে সময়ে উন্নয়নকারী প্রতিষ্ঠানের সাথে সফটওয়্যার উন্নয়ন কার্যক্রম তদারকি করাসহ User Acceptance testing করতে হবে।</p>	<p>(গ) সিসিএ কার্যালয় হতে ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে বাস্তবায়নকৃত ছুটি ব্যবস্থাপনা সফটওয়্যারটি বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থায় রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়াও এ সফটওয়্যারটির ব্যবহারবিধি সহজভাবে প্রস্তুত করতে হবে এবং প্রচারণার জন্য TVC অথবা লিফলেট প্রস্তুত করতে হবে। উক্ত সফটওয়্যারের টেস্টিং রিপোর্ট পাওয়া মাত্র রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে আইসিটি বিভাগকে অবহিত করে পত্র দিতে হবে।</p> <p>(ঘ) ট্রেনিং ক্যালেন্ডার অটোমেশন সময়ে সময়ে উন্নয়নকারী প্রতিষ্ঠানের সাথে সফটওয়্যার উন্নয়ন কার্যক্রম তদারকি করতে হবে এবং সকল ব্যবহারকারীর নিকট হতে ফিডব্যাক গ্রহণ করতে হবে।</p>	
২। কর্মশালা	ইনোভেশন আইডিয়া গ্রহণের জন্য সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী ও সিএ প্রতিষ্ঠানকে নিয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করা যেতে পারে।	ইনোভেশন আইডিয়া গ্রহণের জন্য সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী ও সিএ প্রতিষ্ঠানকে নিয়ে একটি ওয়ার্কশপের আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ
৩। সফটওয়্যার টেস্টিং	সফটওয়্যার টেস্টিং এর জন্য বিসিসি হতে প্রাপ্ত পত্রে SRS প্রেরণের অনুরোধ জানায়। উক্ত SRS সমূহ প্রেরণ করা হয়েছে। এখনও কোন টেস্টিং প্রতিবেদন পাওয়া যায়নি।	টেস্টিং প্রতিবেদন প্রেরণের জন্য “সফটওয়্যারের কোয়ালিটি পরীক্ষাকরণ ও সার্টিফিকেশন সেন্টার” এর সাথে যোগাযোগ করতে হবে।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ
৪ বিবিধ:	সিসিএ কার্যালয়ে ই-নথি কার্যক্রম আরও ত্বরান্বিত করা প্রয়োজন। ইতোমধ্যে সকল নথি কার্যক্রম ই-নথিতে সম্পন্ন হচ্ছে। কিন্তু ই-নথিতে নথি নিষ্পন্ন করণ সহ পত্রজারি আরও দ্রুততার সহিত সম্পন্ন করা প্রয়োজন। এ কার্যালয়ের ১৩ জন কর্মকর্তা ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার করছে।	সকল নথি কার্যক্রম ই-নথিতে আরও দ্রুততার সহিত সম্পন্ন করতে হবে। এ কার্যালয়ের যে সকল কর্মকর্তার ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর সংযুক্ত করণে সমস্যার সম্মুখীন হচ্ছে তা পরিদ্রানের নিমিত্ত এটুআই এর সাথে যোগাযোগ করতে হবে।	সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী
৫। ওয়েব সাইট হালনাগাদ করণ	সিসিএ কার্যালয়ের ওয়েবসাইট সবসময় হালনাগাদ রাখতে হবে। প্রয়োজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইট সবসময় ভিজিট করে সে অনুযায়ী হালনাগাদ করতে হবে।	সিসিএ কার্যালয়ের ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখতে হবে।	সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন)

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



তানজিলা মেহনাজ

সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব
এ্যাডমিনিস্ট্রেশন)

tanzila.mehnaz@cca.gov.bd

স্মারকনং-৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.১৬- ১৮১

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৬
১৮ জুন ২০১৯

বিতরণ: সদয় অবগতি জন্য ও কার্যার্থে

- ০১। নিয়ন্ত্রক, সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০২। চীফ ইনোভেশন অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৩। উপ-নিয়ন্ত্রক(অর্থ, প্রশাসন ও আইন/সাইবার অপরাধ ও নিরাপত্তা), সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৪। সহকারী নিয়ন্ত্রক (অর্থ ও প্রশাসন/ আইন/ আইটি সিকিউরিটি / ইমার্জেন্সি রেসপন্স/ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন) সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৫। জনাব তানজিলা মেহনাজ, সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন), সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ]।
- ০৬। আইনকর্মকর্তা/ তদন্তকর্মকর্তা/ সহকারী প্রকৌশলী, সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৭। অফিস কপি।